গাংনীর গোপালনগর গ্রামের এসআই রাশেদ পুকুরে ডুবে নিহত

কলারোয়া থানা চত্ত¡রের পুকুরে গোসল করতে গিয়ে হার্ট অ্যাটাক করে মারা গেছেন গাংনী উপজেলার গোপলনগর গ্রামের ছেলে উপপরিদর্শক (এসআই) আরিফুর রহমান ওরফে রাশেদ।
এসআই রাশেদ গাংনী উপজেলার গোপালনগর গ্রামের লোকমান হোসেনের ছেলে।
আজ রবিবার (২৯ মে) সকাল সাড়ে ৯টার সময় সাতক্ষীরা জেলার কলারোয়া থানা চত্বরের পুকুরের পানিতে ডুবে মারা যান তিনি।
রাশেদের বন্ধু গোপালনগর গ্রামের নুরুল ইসলাম জানান, রবিবার সকালের দিকে আরিফ হোসেন কলারোয়া থানা চত্বরের একটি পুকুরে গোসুল করতে যান। গোসল করার এক পর্যায়ে সে পানির মধ্যেই তার হার্ট অ্যাটাক হয়।
এসময় সহকর্মীরা তাকে উদ্ধার করে কলারোয়া হাসপাতালে নিলে, কর্তব্যরত ডাক্তার মৃত ঘোষণা করেন। কলারোয়া থানার ওসি নাছির উদ্দীন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।
পারিবারিক সূত্র জানান, এর আগে রাশেদ কুষ্টিয়া সদর থানা ও কুষ্টিয়া জেলা গোয়েন্দা পুলিশে দীর্ঘদিন যাবৎ কর্মরত ছিলেন। চার মাস পূর্বে কুষ্টিয়া থেকে সাতক্ষীরার কলারোয়া থানায় বদলি হন তিনি। এসআই রাশেদ তিন সন্তানের জনক ছিলেন।